

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫১৯৩  
কুমারঘাট, ১৪ মার্চ, ২০২৪

### কুমারঘাটে আন্তর্জাতিক নারী দিবস

কুমারঘাটের মানসী মিলনায়তনে গতকাল উদযাপিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। সিডিপিও কুমারঘাট এবং সিডিপিও কুমারঘাট নগর পঞ্চায়েত কার্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। উদ্বোধকের ভাষণে বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, নারীদের সম্মান দেওয়ার জন্য এই দিবসটি উদযাপন করা হয়। তিনি বলেন, নারীদের সম্মান ও তাদের উন্নয়ন ছাড়া সমাজের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। সমাজের নারীদের শক্তিশালী করতে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। একে কাজে লাগাতে সচেতনতা বৃদ্ধির উপরেও তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বেটি বাঁচাও, বেটি পড়াও অভিযানের মাধ্যমে কেন্দ্রীয় সরকার মেয়েদের দেশের শ্রেষ্ঠ সম্পদ বানানোর কাজে হাত দিয়েছে। অনুষ্ঠানে উনকোটি জেলা সমাজ শিক্ষা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা বলেন, কন্যা ভ্রূণ হত্যা ও বাল্য বিবাহের মতো সামাজিক ব্যথির বিরুদ্ধে নারী-পুরুষ সবাইকেই এগিয়ে আসতে হবে। মহিলা সুরক্ষা ও অধিকারের জন্য সবাইকে সচেতন হতেও তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মিলন কুমার দে। স্বাগত বক্তব্য রাখেন কুমারঘাটের সিডিপিও হরিপদ দেবনাথ। উপস্থিত ছিলেন কুমারঘাট বিএসি'র চেয়ারম্যান তপনজয় রিয়াং, ডিসিএম বিধান দেবনাথ, এস আই ও শুভাশীষ সেনগুপ্ত প্রমুখ।

\*\*\*\*\*